

স্মারক নং- ১৮.১৫.০০০০.০২০.২৫.০৪৬.২০.৩৬৮

তারিখ : ২৩ সেপ্টেম্বর, ২০২১।



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

Bangladesh Land Port Authority

টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২২৫

ফ্যাক্স: ৫৫০১৩৮২৮

www.bsbk.gov.bd

বিষয়: “স্থলবন্দরে আমদানি/রপ্তানিকৃত বিস্ফোরক/বিপদজনক/ঝুঁকিপূর্ণ/কেমিক্যাল জাতীয় পণ্যদ্রব্য ব্যবস্থাপনা” শীর্ষক প্রশিক্ষণ।

আগামী ২৯-৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখ ০২ (দুই) দিনব্যাপী বেনাপোল স্থলবন্দরের সম্মেলন কক্ষে “স্থলবন্দরে আমদানি/রপ্তানিকৃত বিস্ফোরক/বিপদজনক/ ঝুঁকিপূর্ণ/কেমিক্যাল জাতীয় পণ্যদ্রব্য ব্যবস্থাপনা” শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আলমগীর (অতিরিক্ত সচিব) মহোদয় Zoom Apps/Online এ প্রশিক্ষণের শুভ উদ্বোধন করবেন। উক্ত প্রশিক্ষণে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগ, অসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর এর বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (বিএনএসিডব্লিউসি) এর জেনারেল স্টাফ অফিসার-২ লেফটেন্যান্ট কমান্ডার জনাব মোঃ এমরান হোসেন বিএন, বিস্ফোরক পরিদপ্তরের উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চঃ দাঃ) জনাব ড. মো. আব্দুল হান্নান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব ড. শামশাদ বেগম কোরাইশী এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা এর সহকারী পরিচালক (চঃ দাঃ) জনাব মোঃ আনোয়ার হোসেন রিসোর্স পার্সন/প্রশিক্ষক হিসেবে উপস্থিত থাকবেন।

২। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সদস্য (ট্রাফিক) জনাব মোহাম্মদ জাহাজীর কবীর (যুগ্মসচিব) প্রশিক্ষণ কোর্স পরিচালক, বেনাপোল স্থলবন্দরের পরিচালক (ট্রাফিক) জনাব মোঃ মনিরুজ্জামান (উপসচিব) কোর্স সমন্বয়ক-১ (মোবাইল-০১৭১১৯৭৬৯৮৩) এবং প্রধান কার্যালয়ের উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ রেজাউল করিম কোর্স সমন্বয়ক-২ এর দায়িত্ব পালন করবেন (মোবাইল-০১৩১৮৩৫১৭৪৮)। কোর্স পরিচালক হিসেবে সদস্য (ট্রাফিক) মহোদয় এবং কোর্স সমন্বয়ক-২ হিসেবে উপ-পরিচালক (প্রশাসন) বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

৩। প্রশিক্ষণের মডিউল সংযুক্ত।

৪। প্রশিক্ষণার্থীগণের তালিকা সংযুক্ত।

৫। প্রশিক্ষণের সম্ভাব্য ব্যয় বিবরণী সংযুক্ত।

বর্ণিত প্রশিক্ষণ কোর্স আয়োজন/পরিচালনার ব্যয় নির্বাহের স্বার্থে প্রাক্কলিত মোট ১,৯৫,৯৯৫/- (এক লক্ষ ষাটানব্বই হাজার নয়শত ষাটানব্বই) টাকা বেনাপোল স্থলবন্দরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে পরিচালক (ট্রাফিক), বেনাপোল স্থলবন্দর এর অনুকূলে অগ্রিম উত্তোলনের অনুমোদন প্রদানপূর্বক অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্স আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রশিক্ষণ শেষে প্রকৃত খরচ বিল/ভাউচারের মাধ্যমে অগ্রিমের টাকা সমন্বয়যোগ্য।



ডি এম আতিকুর রহমান

পরিচালক (প্রশাসন)

ফোন : ০২-৫৫০১৩৮৩১

ই-মেইল: directoradmin@bsbk.gov.bd

পরিচালক (ট্রাফিক)

বেনাপোল স্থলবন্দর

বেনাপোল, যশোর।

নং-১৮.১৫.০০০০.০২০.২৫.০৪৬.২০-৩৬৮

তারিখ : ২৩ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। জনাব মোহাম্মদ জাহাজীর কবীর, সদস্য (ট্রাফিক), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

২। সদস্য (অর্থ ও প্রশাসন/উন্নয়ন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।

৩। জনাব ড. শামশাদ বেগম কোরাইশী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রসায়ন বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, শাহবাগ, ঢাকা।

৪। পরিচালক (অডিট/ট্রাফিক/হিসাব), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

৫। লেফটেন্যান্ট কমান্ডার জনাব মোঃ এমরান হোসেন, বিএন, বিএনএসিডব্লিউসি, প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, অসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

৮। জনাব ড. মো. আব্দুল হান্নান, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চঃ দাঃ), বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।

৯। সচিব, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

১০। জনাব মোঃ রেজাউল করিম, উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

১১। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২। জনাব মোঃ আনোয়ার হোসেন সহকারী পরিচালক (চঃ দাঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা।

১৩। এস্টেট অফিসার, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা; ওয়েবসাইটে (www.bsbk.gov.bd) যথাযথভাবে প্রকাশের অনুরোধসহ।

১৪। জনাব.....

